দৈনিক
ইত্তেফাক

05 JUN 2016
পৃষ্ঠা ৪ ... কলাম ৮ ...

ঢাকায় পুলিশি হামলার প্রতিবাদ

# সিলেট নার্সিং কলেজের শিক্ষার্থীদের ক্লিনিক্যাল প্রাকটিস ও ক্লাস বর্জন

■ সিলেট অফিস

রাজধানীতে বেকার নার্সদের উপর পুলিশী হামলার প্রতিবাদে অনির্দিষ্টকালের জন্য ক্লাস ও ক্লিনিক্যাল প্রাকটিস বর্জন করেছেন সিলেট নার্সিং কলেজের শিক্ষার্থীরা। কর্মসূচির অংশ হিসেবে গতকাল শনিবার তারা কলেজ ক্যাম্পাস থেকে বিক্ষোভ মিছিল বের করে। মিছিলটি সিলেট এমএজি ওসমানী মেডিক্যাল কলেজ হাসপাতালের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। পরে তারা ওসমানী মেডিক্যাল কলেজ হাসপাতালের প্রথম গেইটের সামনে মানববন্ধন করে।

শিক্ষার্থীরা বলেন, দাবি আদায়ের জন্য গত ১ জুন স্বাস্থ্যমন্ত্রীর বাড়ির সামনে শান্তিপূর্ণ কর্মসূচি পালন করছিলেন বেকার নার্সরা। সে সময় পুলিশ তাদের উপর হামলা চালায়। এর প্রতিবাদে ও দোষীদের বিচারের দাবিতে সিলেট নার্সিং কলেজে অনির্দিষ্টকালের জন্য ক্লাস ও ক্লিনিক্যাল প্রাকটিস বর্জন করা হয়। আর এই কর্মসূচির অংশ হিসেবে গতকাল বিক্ষোভ মিছিল ও মানববন্ধন অনুষ্ঠিত হয়। পিএসসির মাধ্যমে নিয়োগ পদ্ধতি বাতিল ও জ্যেষ্ঠতার ভিত্তিতে নিয়োগের দাবিতে সারাদেশে আন্দোলন করছেন বেকার নার্সরা।